

“উপজেলা ডিজিটাল মেলা-২০১৫” আয়োজন সংক্রান্ত প্রস্তুতিসভার কার্যবিবরণী :

সভাপতি : মুহম্মদ আশরাফ হোসেন
 উপজেলা নিবাহী অফিসার
 মীরসরাই, চট্টগ্রাম।
 সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
 সভার তারিখ ও সময় : ১০/০৩/২০১৫ খ্রিঃ সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে প্রদর্শিত


সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভার সূচনা বক্তব্যে সভাপতি “উপজেলা ডিজিটাল মেলা- ২০১৫” সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। মেলা সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। ডিজিটাল মেলা জাঁকজমকপূর্ণভাবে আয়োজনের বিষয়ে উপস্থিত সদস্যরা তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনার পর আগামী ৩০/০৩/২০১৫ খ্রিঃ ও ৩১/০৩/২০১৫ খ্রিঃ ০২ দিন ব্যাপী মীরসরাই উপজেলা পরিষদ মিলনায়তনে মেলা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। মেলায় ১২ থেকে ১৭ টি ষ্টল করার বিষয়ে আলোচনা করা হয়। এর মধ্যে তৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র থেকে ০৫ টি, বিভিন্ন ব্যাংক থেকে ০৭ টি (ইসলামী ব্যাংক, ন্যাশনাল ব্যাংক, এনসিসি ব্যাংক, মিউচুয়াল ট্রেস্টি ব্যাংক, ওয়ান ব্যাংক, ইউসিবিএল ব্যাংক এবং উত্তরা ব্যাংক) এবং বিভিন্ন অফিস থেকে ০৫ টি ষ্টল দেয়ার আগ্রহ প্রকাশ করেন।

অতঃপর ডিজিটাল মেলা-২০১৫ যথাযথভাবে আয়োজন এবং সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়।

“উপজেলা ডিজিটাল মেলা উদযাপন কমিটি”

০১।	সহকারী কমিশনার (ভূমি), মীরসরাই, চট্টগ্রাম	আহ্বায়ক
০২।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মীরসরাই, চট্টগ্রাম	সদস্য
০৩।	উপজেলা শিক্ষা অফিসার, মীরসরাই, চট্টগ্রাম	সদস্য
০৪।	উপজেলা নির্বাচন অফিসার, মীরসরাই, চট্টগ্রাম	সদস্য
০৫।	সহকারী পরিচালক(দূনিকাড়) প্রস্তুতি কর্মসূচী, মীরসরাই, চট্টগ্রাম	সদস্য

সভায় আর কোন আলোচনা না থাকায় “উপজেলা ডিজিটাল মেলা- ২০১৫” এর অনুষ্ঠানাদি সুন্দর, আকর্ষণীয় ও উপভোগ্য করার নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (মুহম্মদ আশরাফ হোসেন)
 উপজেলা নিবাহী অফিসার
 মীরসরাই, চট্টগ্রাম।

নং ০০.৫০৪.০০২.০৪.০০.০০০.১৫-

তারিখ : ১০/০৩/২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। জ্ঞানাব ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এমপি ও মাননীয় মন্ত্রী, গহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম
- ০৩। পুলিশ সুপার, চট্টগ্রাম
- ০৪। প্যানেল চেয়ারম্যান- ২, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ০৫। মেয়র, বারইয়ারহাট পৌরসভা/মীরসরাই পৌরসভা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৬। উপজেলা কর্মকর্তা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৭। সভাপতি/সম্পাদক
- ০৮। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম


 উপজেলা নিবাহী অফিসার
 মীরসরাই, চট্টগ্রাম।